

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and Technology University
ফোন : ০২৩৩৪৪৯৬৫২ ই-মেইল : info@nstu.edu.bd
ওয়েবসাইট : www.nstu.edu.bd



ডিন অফিস
সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
Faculty of Social Science and Humanities
মোবাইল : ০১৬১৬১৯৫৭১৭
ই-মেইল : chondonanwar@nstu.edu.bd

স্মারক নং : নোবিশ্ববি/ডিন/সামা-মান অন/২০২৫/ ১১৪

তারিখ : ১৫ জানুয়ারি ২০২৫

বরাবর
রেজিস্ট্রার
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী।



Handwritten signature and date ১৫/০১/২৫

বিষয়: BOAS-এর সভায় সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের পিএইচডি নীতিমালা উপস্থাপন
প্রসঙ্গে।

জনাব

আগামী ২০ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য BOAS-এর সভায় সামাজিক বিজ্ঞান ও
মানবিক অনুষদের পিএইচডি নীতিমালা উপস্থাপন করার জন্য অনুরোধ করছি।

ধন্যবাদান্তে

Handwritten signature and date ১৫/০১/২৫

অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন

ডিন

সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী।

**নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ২৪তম অনুষদীয় সভায়
(অনুষ্ঠিত : ১১ নভেম্বর ২০২৪ খ্রি.) প্রণীত পিএইচডি প্রোগ্রামে ভর্তির নীতিমালা**

১. ভর্তির শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা

(ক) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন স্বীকৃত বাংলাদেশের যে কোনো বিশ্ববিদ্যালয় অথবা বিদেশি বিশ্ববিদ্যালয় থেকে সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের অধীন সংশ্লিষ্ট বিভাগ থেকে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি এবং ন্যূনতম ০১ (এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি (থিসিস-সহ) থাকতে হবে।

অথবা, এম. ফিল ডিগ্রি থাকতে হবে।

অথবা, উচ্চশিক্ষা পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছরের শিক্ষকতা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা এবং পিয়ার রিভিউ/ইনডেক্সড জার্নালে ২ টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

শিক্ষাজীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে মাধ্যমিক/সম্মান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ ৫ স্কেলের মধ্যে ৩.৫০ অথবা সিজিপিএ ৪ স্কেলের মধ্যে ৩.০ থাকতে হবে।

(খ) ০৩ (তিন) বছর মেয়াদী (স্নাতক) সম্মান ডিগ্রি এবং ০১ (এক) বছর মেয়াদী স্নাতকোত্তর ডিগ্রি প্রাপ্তদের পিএইচডি প্রোগ্রামে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে নিম্নলিখিত শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা থাকতে হবে।


এবং, স্নাতক বা তদুর্ধ্ব পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছরের শিক্ষকতা/স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে ০২ (দুই) বছরের গবেষণার অভিজ্ঞতা এবং পিয়ার রিভিউ/ইনডেক্সড জার্নালে ১ টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে। অথবা, সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ০২ (দুই) দুই বছরের চাকুরির অভিজ্ঞতা এবং পিয়ার রিভিউ/ইনডেক্সড জার্নালে ২ টি গবেষণা প্রবন্ধ থাকতে হবে।

শিক্ষাজীবনের সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণিসহ ন্যূনতম ৫০% নম্বর থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে মাধ্যমিক/সম্মান থেকে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় সিজিপিএ/জিপিএ ৫ এর মধ্যে ৩.৫০ অথবা সিজিপিএ/জিপিএ ৪ এর মধ্যে ৩.০ থাকতে হবে।

(ক) ও (খ) উভয় ক্ষেত্রে বিদেশি ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক ডিগ্রির সমতা সনদ প্রদান করতে হবে।

২. ভর্তি প্রক্রিয়া

প্রার্থী কর্তৃক আবেদনপত্র যথাযথভাবে পূরণের পর সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। অতঃপর উক্ত ভর্তির আবেদন সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক, বিভাগের একাডেমিক কমিটি, বিভাগীয় পিএইচডি উপ-কমিটি, সংশ্লিষ্ট অনুষদ এবং বোর্ড অব এ্যাডভান্সড স্টাডিজ (BOAS) সুপারিশ করলে একাডেমিক কাউন্সিল পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন। উল্লেখ্য, পিএইচডি প্রোগ্রামের কোর্সের সিলেবাস বিভাগে পূর্বেই অনুমোদিত থাকতে হবে, যেখানে তত্ত্বীয় কোর্সের ন্যূনতম সংখ্যা হবে ২ (দুই)।



৩. মেয়াদ

পূর্ণকালীন সময়ের পিএইচডি গবেষকদের মেয়াদ প্রোগ্রাম শুরুর দিন থেকে (ভর্তির সেমিস্টার শুরু থেকে) চূড়ান্ত মৌখিক পরীক্ষা অর্থাৎ থিসিস ডিফেন্স পর্যন্ত কমপক্ষে ৩ (তিন) বছর হবে।

পিএইচডি প্রোগ্রামে ভর্তির অনুমতি পাওয়ার পর নির্ধারিত সময়ে ভর্তির ফি জমা দিতে হবে। নির্ধারিত সময়ে ভর্তি ফি জমা না দিলে নিয়মানুযায়ী বিলম্ব ফি দিতে হবে। থিসিস জমা না হওয়া পর্যন্ত প্রতি বছর একই সময়ে রেজিস্ট্রেশন ফি দিতে হবে। সময়মত রেজিস্ট্রেশন ফি জমা না দিলে নিয়মানুযায়ী ধার্যকৃত বিলম্ব ফি প্রদান করতে হবে।

৪. কোর্স ও ক্লাস

পিএইচডি প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত গবেষকদের গবেষণার শিরোনামের সাথে সংশ্লিষ্ট ০৩ ক্রেডিট করে ৬ ক্রেডিটের ন্যূনতম ০২টি তত্ত্বীয় কোর্স এবং ১ ক্রেডিট মৌখিক কোর্স ১ম বর্ষে সম্পন্ন করা আবশ্যিক। প্রতি কোর্স-এ ৩ ক্রেডিটের এর জন্য ৪ ঘণ্টার পরীক্ষা দিতে হবে। পরীক্ষায় ন্যূনতম বি গ্রেড (৬০% নম্বর) পেতে হবে। উল্লিখিত পরীক্ষায় কোনো গবেষক অকৃতকার্য হলে পরবর্তীতে পরীক্ষা দিতে পারবেন। তবে যে সব বিষয়ে তিনি ৬০% এর অধিক নম্বর পেয়েছেন, সেই নম্বর বহাল রাখার অধিকার তার থাকবে।

প্রতি ৩ ক্রেডিটের জন্য ন্যূনতম ৪২টি ক্লাস গ্রহণ আবশ্যিক (প্রতি ক্রেডিট ১৪ ক্লাস)। পিএইচডি প্রোগ্রামের তত্ত্বীয় পরীক্ষায় পাস করে একজন গবেষক মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হলে পরবর্তীতে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। সংশ্লিষ্ট বিভাগ গবেষকের অনুত্তীর্ণ হওয়ার পরবর্তী ৩ থেকে ৬ মাসের মধ্যে মৌখিক পরীক্ষা গ্রহণ করতে পারবে।

পিএইচডি কোর্স পরীক্ষায় কোনো গবেষক কোনো একটি তত্ত্বীয় কোর্সে/মৌখিক পরীক্ষায় বি গ্রেড (৬০% নম্বর)-এর কম পেয়ে থাকলে সেই কোর্সে/মৌখিক পরীক্ষায় পরবর্তী সুযোগে পুনঃভর্তি ছাড়াই যথারীতি ফি প্রদান করে পরীক্ষা দিতে পারবেন।

৫. ছুটি

চাকুরিরত প্রার্থীদের নিয়োগ কর্তার নিকট থেকে কমপক্ষে ৩ (তিন) বছর ছুটি থাকতে হবে। এ ক্ষেত্রে একত্রে ৩ (তিন) বছর, অথবা একত্রে ২ (দুই) বছর এবং পরবর্তীতে ১ (এক) বছর, অথবা ১ (এক) বছর করে ৩ বারে ৩ বছর ছুটি নিতে হবে।

৬. তত্ত্বাবধায়ক

পিএইচডি ডিগ্রিধারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপকবৃন্দ পিএইচডি প্রোগ্রামে গবেষকদের তত্ত্বাবধান করতে পারবেন। উল্লেখ্য যে, তত্ত্বাবধায়ক বা সুপারভাইজার অবশ্যই নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হতে হবে। প্রয়োজন বোধ করলে কো-সুপারভাইজার (অনধিক ২ জন) নেওয়া যাবে। দুইজন কো-সুপারভাইজারের ক্ষেত্রে একজন নোবিথবির এবং অন্যজন নোবিথবির একাডেমিক কাউন্সিল-এর অনুমোদনক্রমে দেশীয় অথবা বিদেশের যে কোনো সরকারি, স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠান থেকে হতে পারবে। কো-সুপারভাইজার অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী এবং ন্যূনতম সহকারী অধ্যাপক পদমর্যাদার হবেন।



৭. তত্ত্বাবধায়ক পরিবর্তন

তত্ত্বাবধায়ক পরিবর্তনের ক্ষেত্রে পিএইচডি বিভাগীয় উপ-কমিটি, অনুষদ কমিটি ও বোর্ড অব গ্র্যাডুয়েশন স্টাডিজ-এর সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল সিদ্ধান্ত প্রদান করবেন।

৮. শিরোনাম পরিবর্তন

গবেষণার শিরোনাম পরিবর্তন করতে চাইলে পিএইচডি উপ-কমিটি, অনুষদ কমিটি ও বোর্ড অব গ্র্যাডুয়েশন স্টাডিজের অনুমোদন সাপেক্ষে একাডেমিক কাউন্সিলে রিপোর্ট প্রদান করতে হবে। তবে গবেষণার শিরোনাম পরিবর্তনের ক্ষেত্রে নির্ধারিত আবেদন পত্র ব্যবহার করতে হবে।

৯. রেজিস্ট্রেশন

রেজিস্ট্রেশন এর মেয়াদ ৩ বছর শেষ হলে আরও ৩ বছরের জন্য পুনরায় রেজিস্ট্রেশন করা যাবে। গবেষকদের থিসিস জমা দেওয়ার সময় রেজিস্ট্রেশন এর মেয়াদ উত্তীর্ণ হলে এবং থিসিস জমা দেওয়ার চূড়ান্ত পর্যায়ে থাকলে মাননীয় উপাচার্য তার উপর অর্পিত ক্ষমতাবলে অনূর্ধ্ব ৬ (ছয়) মাস পর্যন্ত সময় বৃদ্ধি করতে পারবেন। রেজিস্ট্রেশন ও পুনরায় রেজিস্ট্রেশন এর মেয়াদ (৩+৩=৬) ছয় বছর শেষ হলে নতুনভাবে অতিরিক্ত ফি পরিশোধসহ রেজিস্ট্রেশন করতে হবে। উল্লেখ্য প্রতি সেমিস্টারে রেজিস্ট্রেশন করা বাধ্যতামূলক।

১০. সেমিনার বক্তব্য

প্রস্তাবিত গবেষণা শিরোনামের উপর প্রত্যেক পিএইচডি গবেষককে যোগদানের পর স্ব স্ব পিএইচডি উপ-কমিটির সম্মুখে একটি উপস্থাপন (প্রোপোজাল সেমিনার) প্রদান করতে হবে। পিএইচডি গবেষকদের প্রতি বছর স্ব স্ব পিএইচডি উপ-কমিটির সম্মুখে একটি করে মোট ২ টি সেমিনার বক্তব্য প্রদান করতে হবে। ২ টি সেমিনার রিপোর্ট ও ২ টি স্বীকৃত জার্নালে প্রকাশনার কপি অথবা Acceptance letter তত্ত্বাবধায়ক, বিভাগীয় চেয়ারম্যান, পিএইচডি উপ-কমিটির চেয়ারম্যান ও সংশ্লিষ্ট অনুষদের ডিনের সুপারিশসহ পরীক্ষা নিয়ন্ত্রক এর নিকট থিসিসের সঙ্গে জমা দিতে হবে। সেমিনার রিপোর্ট ছাড়া থিসিস জমা দেওয়া যাবে না।

১১. কার্যক্রম মূল্যায়ন এবং ডিগ্রি প্রদান

কোর্সওয়ার্ক ব্যতীত গবেষণা-সংক্রান্ত অন্যান্য কার্যক্রম মূল্যায়নের ক্ষেত্রে কোনো গ্রেডিং সিস্টেম থাকবে না। শিক্ষার্থীদের সকল কার্যক্রমে অবশ্যই পাস করতে হবে এবং পিএইচডি ডিগ্রি পাওয়ার যোগ্য হতে হলে সন্তোষজনক মন্তব্য প্রয়োজন হবে। একজন পিএইচডি গবেষক তার গবেষণা তত্ত্বাবধায়কের অধীনে গবেষণার কাজ চালিয়ে যাবেন এবং প্রতি ৬ (ছয়) মাস অন্তর অগ্রগতির বিবরণ তত্ত্বাবধায়ক এর সুপারিশসহ সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান ও ডিনের মাধ্যমে বোর্ড অব গ্র্যাডুয়েশন স্টাডিজকে অবগত করতে হবে। থিসিস, সেমিনার, প্রেজেন্টেশন এবং মৌখিক পরীক্ষা সন্তোষজনক এবং গ্রহণীয় অথবা অসন্তোষজনক এবং অগ্রহণীয় হিসেবে মূল্যায়িত হবে। উল্লেখ্য যে, সেমিনারের রিপোর্ট সুপারভাইজারের সুপারিশসহ বিভাগীয় চেয়ারম্যান ও ডিনের মাধ্যমে প্রেরণ করতে হবে। সন্তোষজনক থিসিস মূল্যায়ন রিপোর্ট, সেমিনার রিপোর্ট পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা হওয়ার প্রেক্ষিতে BOAS ও একাডেমিক কাউন্সিল এর অনুমোদন সাপেক্ষে রিজেন্ট বোর্ড ডিগ্রি প্রদান করবে।

১২. পিএইচডি উপ-কমিটি

গবেষণা তত্ত্বাবধায়ক ৫ সদস্য বিশিষ্ট পিএইচডি উপ-কমিটি প্রস্তাব করবেন। সংশ্লিষ্ট বিভাগের ৩ জন পিএইচডি ডিগ্রীধারী অধ্যাপক/সহযোগী অধ্যাপক উক্ত কমিটির সদস্য হতে পারবেন এবং অবশিষ্ট ২ জন বা প্রয়োজনীয়

৫৫৫৫

৫৫৫৫

৫৫৫৫

৫৫৫৫

৫৫৫৫

৫৫৫৫

ক্ষেত্রে ততোধিক সদস্য ডিন কর্তৃক মনোনীত হবেন। এক্ষেত্রে উক্ত কমিটির আহ্বায়কের দায়িত্ব পালন করবেন বিভাগীয় চেয়ারম্যান অথবা একজন জ্যেষ্ঠ অধ্যাপক। তবে কোনো বিভাগে যোগ্যতম সদস্য না থাকলে উক্ত অনুষদের অন্য বিভাগ থেকে সদস্য নিয়োগ দেয়া যাবে।

১৩. থিসিস মূল্যায়ন ও ডিফেন্স কমিটি

তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে পিএইচডি উপ-কমিটির সম্মতি সাপেক্ষে তিন সদস্য বিশিষ্ট নিম্নলিখিতভাবে কমিটি গঠন করে অনুমোদনের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের মাধ্যমে BOAS এবং একাডেমিক কাউন্সিলে প্রেরণ করতে হবে। তবে BOAS এবং একাডেমিক কাউন্সিল প্রয়োজনে সদস্য পরিবর্তন করতে পারবেন। পিএইচডি উপ-কমিটির পদবিন্যাস নিম্নরূপ:

আহ্বায়ক: নোবিপ্রবি ব্যাতিত বাংলাদেশের অন্য যে কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদমর্যাদার হবেন; তবে শর্ত থাকে যে, তাকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষা ও গবেষণায় তার কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

সদস্য : তত্ত্বাবধায়ক।

বহিষ্কৃত সদস্য: বিদেশি কোনো বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক অথবা অধ্যাপক হবেন; তবে শর্ত থাকে যে, তাকে অবশ্যই পিএইচডি ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষা ও গবেষণায় তাঁর কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

উল্লেখ্য, গবেষকের সহ-তত্ত্বাবধায়ক ডিফেন্স কমিটিতে আমন্ত্রিত সদস্য হিসেবে উপস্থিত থাকবেন।

১৪. তত্ত্বাবধান

একজন তত্ত্বাবধায়ক এক সেমিস্টারে সর্বোচ্চ ২ (দুই) জন এবং একসাথে সর্বমোট (পূর্বাপর) ৮ (আট) জন পিএইচডি গবেষকের তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন। এছাড়া একজন সহ-তত্ত্বাবধায়ক সর্বোচ্চ ৭ জন গবেষক নিতে পারবেন।

১৫. শিক্ষাবর্ষ

বছরে দুইবার (জানুয়ারি-জুন) এবং (জুলাই-ডিসেম্বর) শিক্ষাবর্ষে পিএইচডি ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১৬. ফি ও অন্যান্য আর্থিক বিষয়


পিএইচডি প্রোগ্রামের অনুমোদিত ফি এবং অন্যান্য প্রদেয় হারের বিষয় রেজিস্ট্রার অফিস তত্ত্বাবধান করবে।

১৭. হল-সংযুক্তি ও অন্যান্য

আবেদনকারী যে হলের ছাত্র/ছাত্রী হিসেবে পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে ইচ্ছুক সে হলের প্রাধ্যক্ষের স্বাক্ষরসহ আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। উল্লেখ্য যে, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কোনো ছাত্র/ছাত্রী যে হল থেকে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেছেন সে হলের ছাত্র/ছাত্রী হিসেবে পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন না।

উল্লিখিত যোগ্যতা ও শর্ত পূরণকারী প্রার্থীরাই শুধু পিএইচডি প্রোগ্রামে ভর্তির আবেদন করার যোগ্য বিবেচিত হবেন। কোনো তথ্য গোপন করলে বা সঠিক তথ্য প্রদান না করলে ভর্তির আবেদন/ভর্তি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ নীতিমালা যে কোনো সময় সংশোধন করতে পারবেন।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ


11/11/24


ড. শিরিন আক্তার

চেয়ারম্যান

ইংরেজি বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী


১১/১১/২৪

অধ্যাপক ড. দিব্যদ্যুতি সরকার

চেয়ারম্যান

বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ স্টাডিজ বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী


১১/১১/২০২৪

অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন

চেয়ারম্যান

বাংলা বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী


11.11.2024

জনাব মাহবুবুর রহমান

চেয়ারম্যান

অর্থনীতি বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী


১১/১১/২৪

জনাব শাহনাজ আক্তার

চেয়ারম্যান

সমাজবিজ্ঞান বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী


11.11.2024

জনাব সিকাত-ই-মান্নান

চেয়ারম্যান

সমাজকর্ম বিভাগ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী


১১/১১/২০২৪

অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন

(চন্দন আনোয়ার)

ডিন

সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী